

## জগন্নাথ হল ট্র্যাজেডি, ঢাবিতে শোক দিবস পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত হয়েছে। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর জগন্নাথ হলের ভবনের ছাদ ধসে ২৬ ছাত্রসহ মোট ৪০ জনের মৃত্যু হয়। তাদের স্মরণে শোক র্যালি ও স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার। দিবসটি পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সকল হল, হোস্টেল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক র্যালি বের করেন। পরে তারা জগন্নাথ হল স্মৃতিসৌধে যান এবং পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন করেন। বিশ্ববিদ্যালয়ের সক্রিয় বিভিন্ন ছাত্রসংগঠনের নেতারাও শ্রদ্ধা জানান।

মিয়ানমারকে ৫০ হাজার রোহিঙ্গার তালিকা হস্তান্তর

জনকর্ত্ত ডেঙ্ক ॥ মিয়ানমারকে নতুন করে ৫০ হাজার ৫০৬ রোহিঙ্গার তালিকা হস্তান্তর করেছে বাংলাদেশ। মঙ্গলবার মিয়ানমার কর্তৃপক্ষের কাছে তালিকাটি হস্তান্তর করা হয়। -খবর বাংলা নিউজের।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার বিভাগের মহাপরিচালক দেলোয়ার হোসেন ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত উ লুইনের সঙ্গে বৈঠক করেন। মন্ত্রণালয়ে আয়োজিত এই বৈঠকে মিয়ানমারের কাছে নতুন করে চতুর্থ দফায় ৫০ হাজার ৫০৬ রোহিঙ্গার তালিকা হস্তান্তর করা হয়। মিয়ানমার এই তালিকা যাচাই-বাচাই করবে।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কম্পিউটার আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক ফোর জনকর্ত্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে ফোর প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি এ ৭৯৬।

**কার্যালয়:** জনকস্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্কাটন,  
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকস্ত:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মানান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)